যায়যায়দিন

17 JUL 2008

বৃটেনে উচ্চশিক্ষা গ্রহণ বিষয়ক সেমিনার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বৃটেনে তিন হাজারের বেশি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে, যেখানে বিদেশি শিক্ষার্থীরা পড়তে পারে। আন্তর্জাতিক মানের এ শিক্ষা প্রতিষ্ঠানে একজন শিক্ষার্থীকে সৃজনশীলতা ও বিশ্লায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষা দেয়া হয়। মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃটিশ সরকার নানা ধরনের স্কলারশিপ দিয়ে থাকে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা শিক্ষার্থীদের পড়াশোনার ব্যাপারে গভীরভাবে পর্যবেক্ষণ করেন। ছয় মাস কিংবা তার চেয়ে বেশি সময়ের জন্য পড়তে আসা শিক্ষার্থীদের বিনামূল্যে স্বাস্থ্য সুবিধা দেয়া হয়।

গতকাল বৃটিশ কাউন্সিল মিলনায়তনে অনুষ্ঠিত এক সেমিনারে বৃটেনে পড়তে যাওয়ার সুযোগ-সুবিধার এ বিষয়গুলো তুলে ধরা হয়। বৃটেনে উচ্চশিক্ষা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীরা যাতে বিভিন্ন প্রতিষ্ঠানের কাছে হয়রানির শিকার না হয় এজন্য বৃটিশ কাউন্সিল এ সেমিনারের আয়োজন করে।

সেমিনারে জানানো হয়, আন্ডারগ্র্যাজুয়েট ডিগ্রি অর্জন করতে কলা অনুষদের এক শিক্ষার্থীর বার্ষিক ৭,০০০-৯,০০০ ডলার, বিজ্ঞান অনুষদের ৭,৫০০-১২,০০০ ডলার, ক্লিনিক্যাল কোর্সের জন্য ১০,০০০-২১,০০০ ডলার প্রয়োজন।

পোস্ট-গ্রাজুয়েট ডিগ্রি অর্জন করতে একজন শিক্ষার্থীর বছরে ৭,৫০০-১০,০০০ ডলার খরচ পড়বে। শিক্ষার্থীরা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের আবাসিক হল কিংবা ব্যক্তিগতভাবে বাসা ভাড়া করে থাকতে পারে। থাকার পেছনে একজন শিক্ষার্থীর প্রতিমাসে ৬৫০ ডলার খরচ পড়বে।

সেমিনারে বলা হয়, যেসব শিক্ষার্থী স্কলারশিপ পেতে চান তারা http://www.educationuk.org/scholorships/ ওয়েবসাইটে যোগাযোগ করতে পারে।

বৃটেনে পড়াশোনা সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য www.educationuk.org এ ওয়েবসাইটে যোগাযোগ করতে বলা হয়েছে।